

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৪৭

ধর্মনগর, ০৩ অক্টোবর, ২০২৪

ধর্মনগরে বিশ্ব প্রবীণ দিবস উদযাপন

ধর্মনগরে বিশ্ব প্রবীণ দিবস গত ১ অক্টোবর উদযাপন করা হয়। উত্তর ত্রিপুরা জেলা সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের উদ্যোগে ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আলোচনাচক্র ও সংবর্ধনা অনুষ্ঠান আয়োজিত হয়। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালি রানী দাস সেন, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক এল ডার্লিং, জেলা শিক্ষা অধিকারিক সুখময় নাথ, প্রমুখ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সভাধিপতি অপর্ণা নাথ বলেন, সমাজকে সুন্দর ভাবে পরিচালনা করার ক্ষেত্রে প্রবীণদের অনেক গুরুত্ব রয়েছে। তাদেরকে শ্রদ্ধা ও সম্মান করা আমাদের সকলের দায়িত্ব। অনুষ্ঠানে চারজন প্রবীণ নাগরিককে বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য সম্মান দেওয়া হয়। এছাড়াও প্রবীণ নাগরিকদের উত্তরীয় পরিয়ে ও চারা গাছ প্রদান করে সম্মান জানানো হয়। বিশ্বপ্রবীণ দিবস নিয়ে বিদ্যালয়গুলো অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থানধীকারী ছাত্রছাত্রীদের শংসাপত্র ও ট্রফি দেওয়া হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজকল্যান ও সমাজশিক্ষা আধিকারিক প্রসেনজিৎ দেববর্মা।
